



তথ্যবিবরণী

নম্বর: ১৫৩

রাজশাহীতে শুরু হলো তারুণ্যের উৎসব-২০২৫

রাজশাহী; ১৫ পৌষ (৩০ ডিসেম্বর):

আজ সোমবার (৩০ ডিসেম্বর) সকাল ১০টায় রাজশাহী জেলা প্রশাসকের কার্যালয় চত্বরে 'তারুণ্যের উৎসব-২০২৫' উদ্বোধন উপলক্ষে এক বর্ণাঢ্য র্যালি বের করা হয়। প্রধান উপদেষ্টার কার্যালয়ের তত্ত্বাবধানে এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের উদ্যোগে রাজশাহী জেলা প্রশাসনের আয়োজনে 'এসো দেশ বদলাই, পৃথিবী বদলাই'-উপপাদ্যে র্যালিতে নেতৃত্ব দেন রাজশাহী বিভাগীয় কমিশনার খোন্দকার আজীম আহমেদ।

সমৃদ্ধ বাংলাদেশ গড়ার নিমিত্তে জুলাই-আগস্ট বিপ্লবের অনুপ্রেরণায় উজ্জীবিত হয়ে 'বাংলাদেশ প্রিমিয়ার লীগ-২০২৫'-কে কেন্দ্র করে 'নতুন বাংলাদেশ গড়ার লক্ষ্যে তারুণ্যের উৎসব-২০২৫' উদ্বোধনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ৫১ দিনব্যাপী এ উৎসবের অংশ হিসেবে রাজশাহী জেলায় ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন, যুব সমাবেশ অনুষ্ঠান, গণমাধ্যম ও সামাজিক যোগাযোগ মাধ্যমে সচেতনতামূলক প্রচার, আলোচনা অনুষ্ঠান সম্প্রচার, এক্রেবেটিক শো, বইমেলা, কারুশিল্প মেলা, জুলাই বিপ্লবের চিত্র প্রদর্শনী, 'তারুণ্যের ভাবনায় নতুন বাংলাদেশ' শীর্ষক কর্মশালা, পরিবেশ দূষণ প্রতিকারে সচেতনতামূলক কার্যক্রম, স্মারক ডাকটিকেট প্রকাশ, মোবাইল ডাটা প্যাকেজ ঘোষণা, বিদ্যালয় পরিচ্ছন্নতা ও স্বাস্থ্য সেবা কার্যক্রম, চিত্রাঙ্কন প্রতিযোগিতা, স্কিল প্রতিযোগিতা ইত্যাদি আয়োজনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে বলে প্রধান উপদেষ্টার কার্যালয় ও জেলা প্রশাসন সূত্রে জানা যায়।

অন্যান্যের মধ্যে র্যালিতে অংশ নেন অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) তরফদার মোঃ আক্তার জামীল, আরএমপি কমিশনার মোহাম্মদ আবু সুফিয়ান, রাজশাহী জেলা প্রশাসক আফিয়া আখতার, জেলা যুব উন্নয়ন অধিদপ্তরের উপপরিচালক এ.টি.এম. গোলাম মাহবুব, জেলা ক্রীড়া অফিসার গৌতম কুমার সরকার, স্কাউট ও গার্লস গার্লস গাইডের সদস্য, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থী এবং ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকবৃন্দ।

উল্লেখ্য যে, এ কার্যক্রমসমূহ বাস্তবায়নে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় 'লীড মিনিস্ট্রি' হিসেবে দায়িত্ব পালন করছে।

.....
তৌহিদ/আরিফ/কনক/রাফিদ/হালিম/২০২৪/১১:৩০ ঘ.